

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
অনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brd.gov.bd



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১- ০৩


তারিখঃ ০৫/০৯/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠ পর্যায়ের কর্মরত জনবলের মধ্যে কিছু সংখ্যক জনবলের কার্যক্রম অত্যন্ত ভালো হওয়ায় প্রতি অর্থ বছরে তাদের অর্জিত আয় হতে বেতন-ভাতা ও গ্র্যাচুইটি খাতে ব্যয় নির্বাহের পরও অনেক অর্থ সাশ্রয় থাকে। উক্ত সাশ্রয়কৃত অর্থ হতে কোন অতিরিক্ত সুবিধা না পাওয়ায় তাঁরা একটি নির্ধারিত অংকের বাহিরে ঋণ বিতরণে আগ্রহী হয় না। তাই ঋণ বিতরণ বৃদ্ধিসহ অন্যান্য কার্যক্রম গতিশীল করা, মাঠ পর্যায়ে কর্মরত জনবলের কর্মস্পৃহা বৃদ্ধি এবং হস্তমজুদ/আত্মসাৎ রোধকল্পে বিগত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কর্মসূচি'র নীতি নির্ধারণী ও তদারকি কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তের আলোকে বেতনভাতা খাতের উদ্বৃত্ত অর্থ হতে কর্মচারীদের কমিশন/প্রদান প্রদান এবং ভবিষ্যতের জন্য তহবিল সংরক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ক) প্রতি অর্থ বছরে বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্য হতে বেতনভাতা খাতে অর্জিত তহবিল সংশ্লিষ্ট কর্মচারীর বিপরীতে সংরক্ষিত হবে এবং উক্ত সংরক্ষিত তহবিল হতে তাঁর বেতনভাতা, গ্র্যাচুইটি ও অন্যান্য ব্যয় নির্বাহ হবে;
- খ) বদলীজনিত কারণে সংশ্লিষ্ট কর্মচারীর অর্জিত আয় তাঁর বদলীকৃত কর্মস্থলে স্থানান্তরযোগ্য হবে;
- গ) সংশ্লিষ্ট কর্মচারীর অর্থ বছরওয়ারী অর্জিত আয় হতে বেতন-ভাতা ও গ্র্যাচুইটির ব্যয় নির্বাহ এবং পূর্ববর্তী সর্বোচ্চ ০১ বছরের বেতন-ভাতার বকেয়া (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণের পর অবশিষ্ট অর্থ হতে ৫০% কর্মচারীর কমিশন/প্রদান প্রদান এবং ৫০% তহবিল ভবিষ্যতের জন্য সংরক্ষিত হবে;
- ঘ) সংরক্ষিত ভবিষ্যত তহবিল হতে সংশ্লিষ্ট কর্মচারীর পরবর্তী ০১ বছরের বেতন-ভাতার ঘাটতি (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণের পর অবশিষ্ট অর্থ সংরক্ষিত থাকবে, যা চাকুরী সমাপনান্তে পরিশোধযোগ্য হবে;
- ঙ) আত্মসাৎ/হস্তমজুদ প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মচারীর গ্র্যাচুইটি ও ভবিষ্যতের জন্য সংরক্ষিত তহবিল হতে সমন্বয় করা যাবে।

২। কর্মসূচি'র সফল বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে। উল্লেখ্য, চলতি ২০২১-২২ অর্থ বছরের পূর্ববর্তী সময়ের বেতন-ভাতা খাতে অর্জিত তহবিলের সাশ্রয়কৃত অর্থ হতে উপরোক্ত কমিশন/প্রদান পরিশোধযোগ্য হবে না।


শুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১- ০৩


তারিখঃ ০৫/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী/কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক/মাঠ সংগঠক/অফিস সহায়ক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।


মোহাম্মদ শেখুল আলম
প্রকল্প পরিচালক